

নিরাপত্তা প্রতিবেদন চুক্তিপত্র

----- সিকিউরিটি লিঃ, -----, ঢাকা-১২০৬ বাংলাদেশ।

----- প্রথম পক্ষ

----- লিঃ- -----, চট্টগ্রাম।

----- দ্বিতীয় পক্ষ

১ম পক্ষ ----- সিকিউরিটি লিঃ, ----- ফ্যাশন লিঃ এর কারখানার বিন্যাস, অবস্থান, লোকবল
এবং সার্বিক পারিপার্শ্বিকতা বিবেচনায় রেখে প্রয়োজনীয় সংখ্যাক গার্ড এবং চেকার নিয়োগ করিবেন।

শর্তাবলী

১. এই চুক্তিপত্র বলবৎ থাকা পর্যন্ত, ----- সিকিউরিটি লিঃ C-TPAT এর সকল নিয়ম-কানুন
মানিয়া চলিবে।
২. সিকিউরিটি কোম্পানী, ব্যবসা পরিচালনা করার জন্য ট্রেড লাইসেন্স পত্র জমা দিবেন এবং যখন
কোম্পানী চাইবে তখন ঠিকাদার তার ব্যবসাকে প্রভাবিত করতে পারে এমন সব রকমের তথ্য,
সরকারী আইন কানুন এবং লাইসেন্স সম্পর্কে কোম্পানীকে অবগত করিবেন।
৩. ঠিকাদার সকল সময় যতদুর সম্ভব কোম্পানীর সাথে সম্পর্কিত এবং এই চুক্তিপত্রের সকল
প্রয়োগযোগ্য আইন-কানুন সমূহ যা সময়ে সময়ে প্রয়োগ করা হবে তা পালন করিবেন।
৪. কোন নিরাপত্তা প্রতিবেদন বয়স ১৮ বছরের কম হইতে পারিবে না এবং শারিয়াক ভাবে সুস্থ হইতে
হইবে।

৫. নিরাপত্তা প্রহরীদের শ্রম আইন ২০০৬, ২০১৩ ও বি এল আর ২০১৫ অনুযায়ী নুন্যতম মজুরী প্রদান করিতে হইবে ।
৬. অতিরিক্ত কাজের ক্ষেত্রে শ্রম আইন অনুযায়ী কাজের পারিশামিক/মজুরী প্রদান করিতে হইবে ।
৭. নিরাপত্তা প্রহরীর মাসিক মজুরী পরবর্তী ৭ম কর্মদিবসের মধ্যে প্রদান করিতে হইবে ।
৮. নিরাপত্তা প্রহরীর সকল প্রকার পারিশামিক শ্রম আইনানুযায়ী ১ম পক্ষ বহন করিতে বাধ্য থাকিবে ।
৯. সিকিউরিটি কোম্পানী আই ডি কার্ড, বেতন রেজিস্টার, ফিটনেস সার্টিফিকেট (Age Estimation), ব্যক্তিগত ফাইল সম্বলিত যা প্রয়োজন সব ধরনের রেকর্ড রক্ষণাবেক্ষন করিবেন ।
১০. সিকিউরিটি কোম্পানী ২য় পক্ষ নিয়োজিত সকল গার্ডের সবসময় কর্মীদের চাকুরীর সন্তোষ জনক দক্ষতার বিষয়ে কোম্পানীকে নিশ্চয়তা প্রদান করিবেন এবং কোম্পানীর নির্দেশনা ও নীতিমালা অনুযায়ী সময়ে সময়ে নিরাপত্তার বিষয়ে একমত থাকিবেন ।
১১. কারখানার সার্বিক নিরাপত্তার দিক বিবেচনা পূর্বক নির্দিষ্ট "সেন্ট্রি পোস্ট" (Sentry Post) এ ২৪ ঘন্টা ডিউটি প্রদান করিতে হইবে । এই ক্ষেত্রে প্রহরীগণকে শিফ্ট অনুযায়ী নিয়োজিত করিতে হইবে ।
১২. প্রথম পক্ষ তার কর্মীদের দ্বারা কৃত যে কোন ধরনের ক্ষতি, চুরির বিষয়ে দায়ী থাকিবে এবং প্রয়োজনীয় ক্ষতিপূরণ দ্বিতীয় পক্ষকে দিতে বাধ্য থাকিবে ।
১৩. নিরাপত্তা প্রহরীর নিয়োগের ব্যাপারে কোন রকম অনিয়ম বা দূনীতি হইতে বিরত থাকতে হবে ।
১৪. নিরাপত্তা প্রহরী তাদের কর্তব্য পালনরত সময়ে কারখানার সকল স্থানে যাতায়াত করিতে পারিবে ।
১৫. প্রথম পক্ষ নিজ দায়িত্বে প্রত্যেক নিরাপত্তা কর্মীর পুলিশ প্রতিপাদন (Police Verification) করিবেন এবং উহার একটি কপি দ্বিতীয় পক্ষকে প্রদান করিবেন ।
১৬. দ্বিতীয় পক্ষ যে কোন সময় প্রথম পক্ষের দপ্তরে গমন পূর্বক সকল নথি পত্রের সঠিকতা যাচাই করিতে পারিবেন । যদি এই কার্যে প্রথম পক্ষ বাধা প্রদান অথবা কোন ধরণের অসহযোগিতা প্রদান করেন, সে ক্ষেত্রে এই চুক্তি বাতিল বলিয়া গন্য হইবে ।

১৭. নিরাপত্তা প্রহরীরা কোম্পানীর নিরাপত্তা সম্পর্কিত সকল আইন মানিয়া চলিবে।
১৮. নিরাপত্তা কর্মী, চেকার, সুপারভাইজার এবং মোট সংখ্যার উপর ভিত্তি করিয়া দ্বিতীয় পক্ষ নিরাপত্তা সেবা প্রদান করিবার জন্য প্রথম পক্ষকে মাসিক ভিত্তিতে ভাড়া প্রদান করিবেন।
১৯. এই বাণিজ্যিক চুক্তির ক্ষেত্রে দুই পক্ষের আর্থিক সাচ্ছলতা থাকতে হবে। আর্থিক সাচ্ছলতার প্রমাণ সরূপ সরবরাহকারী প্রতিষ্ঠান, ----- ফ্যাশন লিঃ কে তাদের ব্যাংক সলেন্ডসি সার্টফিকেট প্রদান করবে। যদি কখনো প্রতিয়মান হয় যে ১ম পক্ষ (সরবরাহকারী কোম্পানী) আর্থিকভাবে অসাচ্ছল বা দেউলিয়া, ২য় পক্ষ ----- ফ্যাশন লিঃ কোন শর্ত ছাড়াই চুক্তি ভঙ্গ করিবার ক্ষমতা রাখে।
২০. চুক্তির ক্ষেত্রে সরবরাহকারী কোম্পানীর অতীত ইতিহাস যাচাই সাপেক্ষে ২য় পক্ষ ----- ফ্যাশন লিঃ, ১ম পক্ষ ----- সিকিউরিটি এর সাথে চুক্তি সম্পাদন করবে। যাচাইয়ের সময় সরবরাহকারী কোম্পানীর বাণিজ্যিক কার্যক্রম, ব্যাংক সলেন্ডসি, নিয়োগ প্রক্রিয়া, ব্যবসায়ীক বৈধতার সনদ, আচরণ বিধি এবং বিভিন্ন সেবা সমূহ বিবেচনা করা হবে। যদি কখনো প্রতিয়মান হয় যে ১ম পক্ষ (সরবরাহকারী কোম্পানী) অবৈধ বা বে-আইনী কাজে লিষ্ট, ২য় পক্ষ ----- ফ্যাশন লিঃ কোন শর্ত ছাড়াই চুক্তি ভঙ্গ করিবার ক্ষমতা রাখে।
২১. ২য় পক্ষ ----- ফ্যাশন লিঃ, ১ম পক্ষ ----- সিকিউরিটি এর সাথে চুক্তির ক্ষেত্রে নিয়োগ নীতিমালা যাচাই করবে। নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, বায়ার সিওসি, শিশু শ্রম, কিশোর শ্রম, দাসত্বমূলক শ্রম, জোরজবদস্তিমূলক শ্রম, মানব পাচার, বৈষম্য, হয়রানী ও অপব্যবহার, সন্ত্রাসী কার্যক্রম, ছিনতাই রাহাজানী সহ সকল প্রকার অনৈতিক ও বে-আইনী বিষয় সমূহ বিবেচনা করে শ্রামিক নিয়োগ প্রদান করবে। যদি কখনো প্রতিয়মান হয় যে ১ম পক্ষ (সরবরাহকারী কোম্পানী) অবৈধ বা বে-আইনী কাজে লিষ্ট, ২য় পক্ষ ----- ফ্যাশন লিঃ কোন শর্ত ছাড়াই চুক্তি ভঙ্গ করিবার ক্ষমতা রাখে।
২২. এই চুক্তি মোট ৩ (তিনি) বৎসরের জন্য অর্থাৎ ৫ই জানুয়ারী ২০২০ইং তারিখ হইতে ৪ই জানুয়ারী ২০২৩ ইং মেয়াদ পর্যন্ত বলবৎ থাকিবে। উভয় পক্ষের সম্মতিতে এই চুক্তি মেয়াদান্তে পুনরায় নবায়ন করা যাইতে পারে।
২৩. যে কোন পক্ষ এই চুক্তির কোন শর্ত ভঙ্গ করিলে এই চুক্তি বাতিল বলিয়া গন্য হইবে।

২৪. গোপনীয়তা: প্রথম পক্ষ ও তার নিয়োগকৃত কর্মীগণ প্রত্যেকে কঠোর গোপনীয়তা অবলম্বন করিবেন এবং কোম্পানী সংক্রান্ত কোন তথ্য, কাগজ পত্রাদি অন্য কোন ব্যক্তি বা পক্ষের সম্মুখে প্রকাশ করিবেন না।

প্রথম পক্ষ

জনাব -----

----- সিকিউরিটি লিমিটেড

ডি ও এইচ এস মোহাফাজী, ঢাকা-১২০৬।

দ্বিতীয় পক্ষ

জনাব -----

জেনারেল ম্যানেজার, মানবসম্পদ ও প্রশাসন

----- ফ্যাশন লাই,

স্বাক্ষীগণের স্বাক্ষর

১।

২।

স্বাক্ষীগণের স্বাক্ষর

১।

২।